ভোরের ডাক
Date:01-07-2014 Page 02 Col 6-6 Size: 5.5 Col*Inc

# প্লাস্টিক শিল্প
# শুল্কমুক্ত রপ্তানি সুবিধা কাজে লাগাতে পারেনি বাংলাদেশ

**অর্থনৈতিক রিপোর্টার :** আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্লাস্টিক সামগ্রী রপ্তানির ব্যাপক সুযোগ রয়েছে। এটি বাংলাদেশের উদীয়মান শিল্প। এখানে রয়েছে কম খরচে উৎপাদন ও শুল্কমুক্ত রপ্তানি সুবিধা। দক্ষ জনশক্তি আর বিপণন নীতির কারণে এসব সুযোগ সঠিকভাবে কাজে লাগাতে পারেনি উদ্যোক্তরা। পাশাপাশি অন্যান্য শিল্প খাতকে এগিয়ে আনতে সরকার যেভাবে প্রণোদনা দেয় প্লাস্টিক খাতের ব্যাপারে তা দেয়া হয় না বলে জানিয়েছেন সেমিনারে বক্তারা। গতকাল সোমবার দুপুরে রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে এক সেমিনারে তারা এসব কথা বলেন। 'প্লাস্টিক পণ্য সামগ্রী রপ্তানি সমস্যা ও সম্ভবনা' শীর্ষক বিশেষ সেমিনারে আয়োজন করে রপ্তানি উন্নয়ন ব্যুরো। এতে মূল প্রবন্ধ উপস্থান করেন সেন্টার ফর পলিসি ডয়ালগ (সিপিডি)-এর অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

মূল প্রবন্ধে তিনি বলেন, বিশ্বব্যাপী পোশাক শিল্পের বাজার প্রায় ৭৭২ বিলিয়ন ডলার আর প্লাস্টিক শিল্প খাতের বাজার প্রায় ৫৯২ বিলিয়ন ডলারের। এর মাঝে বাংলাদেশ রপ্তানি করে মাত্র ৮৫ মিলিয়ন ডলারের জন্য। যা আন্তর্জাতিক বাজারের মোট চাহিদার শতকরা শূন্য দশমিক শূন্য এক শতাংশ।

তবে, বাংলাদেশের প্লাস্টিক সামগ্রী রপ্তানি খাতের বার্ষিক আয় ২০০১ সালের তুলনায় ২০১৩ সালে প্রায় ৯৪ শতাংশ বেড়েছে বলে জানান তিনি। তবে অন্যান্য পণ্যের সঙ্গে সহকারী পণ্য হিসেব যেসব প্লাস্টিক সামগ্রী রপ্তানি হয় এর সঠিক কোনো তথ্য নেই।

তিনি বলেন, অন্যান্য পণ্যের সঙ্গে সহকারী পণ্য বা প্লাস্টিক সামগ্রী সরাসরি রপ্তানি করার পাশাপাশি কাঁচামাল উৎপাদন করে রপ্তানি করার পরামর্শ দেন তিনি।

daily sun
TRUE & IMPARTIAL
Date 03-07-2014 Page 17, Col 2-4 Size 15 Col*Inc

# Plastic sector passing critical time

## *It fails to achieve export target*

RAHAT RAFE

Country's plastic sector is presently going through a critical time as the industry, as one of the potential sectors, has failed to meet export target during 11 months of the current fiscal.

In addition, the sector during the said period showed a negative growth comparing to that of the previous fiscal.

Stakeholders and analysts said plastic industry cannot explore its potential due to the lack of skilled manpower, dependency on import for its raw materials and proper support from the government though it has a vast international market to grab.

Data of Export Promotion Bureau (EPB) suggested that the sector was set to bring $ 80.43 million during the July-May period of the current fiscal year while it bagged $ 76.50 million, experiencing a 4 percent shortfall.

In addition, the sector in the eleven months of this current fiscal also experienced a 2.14 percent negative growth in bringing foreign currencies as it brought $76.50 million foreign exchanges while the amount was $ 80.43 million in the same period of the last fiscal.

Withdrawal of Generalized System of Preference (GSP) by the US government is though considered a major reason for the sector to face setback in bringing foreign currencies, the stakeholders said that it would not be a problem if the government gives special incentives to the sector.

Jashim Uddin, President of Bangladesh Plastic Goods Manufacturers and Exporters Association (BPGMEA) said that the government is giving special care to the sector considering its potentials after the readymade garment industry in terms of generating employment and contributing to the country's economy.

Jasim Uddin also said compliance is a big challenge for the sector that employs 12 lakh people as the global buyers are concentrating on the issue before placing orders. Besides, the foreign buyers are stressing on the necessity of establishing a separate zone for the sector immediately to ensure compliance.

Meanwhile, the Export Promotion Bureau (EPB) and the BPGMEA jointly arranged a seminar titled Exporting 'Plastic Goods: Problems and Possibilities' held at the conference room of Export Promotion Bureau in the capital on Monday.

Shubhashis Bose, Vice-Chairman EPB, Md. Jashim Uddin, President, BPGMEA, Dr. Khandakar Golam Moazzem, Additional Research Director, Center for Policy Dialogue and Begum Mahrufa Sultana, Director General, EPB were present at the seminar, among others.

Dr. Khandakar Golam Moazzem delivered the keynote paper at the seminar. Addressing the seminar, Shubhashis Bose said that the government will take necessary steps to overcome the shortage of skilled manpower for the industry.

Mentioning the sector a potential one, Bose said the sector can earn huge foreign exchange through expanding its export market.

Jashim Uddin said most of the plastic factories are located at the Old Dhaka in the capital. There is no alternative to relocate the factories by setting up Plastic Palli, he added.

Dhaka Tribune
Date: 01-07-2014 Page 17, Col 1-3 Size: 18 col-inc

# Plastic sector fails to take full advantage of export market preference

Tribune Report

Bangladesh has failed to take full advantage of preferential market access in case of plastic goods export due to the supply-side related constraints and lack of skilled manpower, trade analysts said in Dhaka yesterday.

"Bangladesh has not yet emerged as an exporter of plastic products with considerable share as it has only 0.01% share against the global demands of US$590bn," observed Khondakar Golam Moazzam, an additional research director of Center for Policy Dialogue (CPD), while presenting a key-note paper on "Export-Oriented Plastic Industry of Bangladesh Challenges and opportunities" at a seminar in the capital.

Bangladesh Export Promotion Bureau (EPB) and Bangladesh Plastic Manufacturers and Exporters Association (BPMEA) jointly organised the seminar to address problems and prospects of this sector at its Karwan Bazaar office. Urging the government to take measures for establishing a plastic industry park, BPMEA president Jasim Uddin said: "Compliance is a big concern for this sector as the global buyers are concentrating on this issue before placing any orders."

He also said Bangladesh would be able to earn $2bn by 2012 if the all the constraints were removed.

According to BPMEA, there are 5000 plastic factories in the country with an employment of 12 lakh people. Out of the 5000 factories, 65% located in Dhaka, especial in the old part of the city, 20% in Chittagong, 10% in Narayanganj and rest 5% in other parts of the country.

"To make this sector compliant, the relocation of these factories to environmentally compliant area is needed," said Moazzem. He also urged the government to provide necessary funds needed for establishing a plastic Palli.

"As the country's export items are very few, we have to increase export items to maintain the export growths," opined EPB vice-chairman Shubhashish Bose. He also put emphasis on introducing courses in the private and public universities to generate skill manpower for the plastic sector.

"Despite global recession, Bangladesh's economy remained stable as the country exports basic products," reminded Bose.

Bangladesh will witness more FDI in this sector as the production cost of China and Thailand has been increased while this factory will be relocated in Bangladesh, he added.

Withdrawal of Generalized System of Preferences (GSP) put pressures partially on competitiveness as Bangladeshi products face duty from 3-15% depending on the products.

During his presentation of the study, Moazzem identified some challenges that include lack of machinery use in a proper way, skilled manpower, testing laboratory, technological efficiency, mold manufacturing, proper management of waste, and also shortage of gas and electricity supply.

He also stressed the need for attracting more local and foreign investments for the development of this potential sector.

The plastic sector people urged the EPB to separate plastic export from the deemed export to understand the contribution of this sector. Currently, deemed export is accounted for more than 75% of the total export.

Currently, Bangladesh manufactures products worth $1.2bn of which $330m are of high-quality products.

In July-May 2013-14, Bangladesh earned $76.50m exporting plastic products, which is 2.14% less compared to $78.17m of the same period of last fiscal year. In the last fiscal Bangladesh's export earnings from the sector was $84.51m. ■

The
Financial Express
Date:01-07-2014 Page 02, Col 1-3 Size: 24 inche

# Drive against non-compliance in mandatory jute bag use deferred

*Fear of further price spiral of essentials the reason*

**Arafat Ara**

The government has deferred its scheduled drive against non-compliance with mandatory jute packaging law for more than a month following appeals from the traders concerned, said the State Minister for Jute.

The authorities had planned to crack down on non-users of jute bags under the existing jute packaging act from July 01 while monitoring compliance with mandatory use of jute bags.

But it is delaying the mobile court drive mainly for fear of a further price spiral of essential commodities during the holy month of Ramadan.

State Minister for Textiles and Jute Mirza Azam said following the request of millers and factory owners, the authorities have delayed the operation. But it will be launched after first seven days of Ramadan.

He said traders have requested for not starting mobile court operation during the month of Ramadan month as usually prices of all sorts of products increase in this time.

The traders think the prices may increase further following such a drive, he added.

The mobile court will launch drives in factories, mills and related spots across the country to monitor mandatory use of jute bags, said the State Minister.

Jute bags will have to be used to pack paddy, rice, wheat, maize, fertiliser and sugar, according to the packaging law.

He said after proper implementation of the packaging law, local consumption of jute bags is expected to increase and the exporters will get better prices.

According to the act; if any stakeholder violates the law, he or she will be jailed up to one year or fined Tk 50,000 or both the penalties will be applicable considering the degree of his/her non-compliance.

If the law is implemented successfully, total domestic consumption of jute bags has been estimated to stand at 450 million yearly, according to the ministry sources.

Rice and husking mills and rice traders will have to use around 350 million pieces of jute bags, the Food Department 50 million and fertiliser factory owners and importers 50 million a year.

But a study by Center for Policy Dialogue (CPD) senior research fellow Khondaker Golam Moazzem in 2010 showed that the country needed 841 million pieces of jute bags for domestic use yearly.

The study mentioned uses of jute bags in packing paddy, wheat, potato, pulses, oil seed, sugar and cement.

Earlier, the ministry published a gazette on implementation of the Jute Packaging Act 2010. The execution was to start from January 01, 2014.

The government-owned Bangladesh Jute Mills Corporation (BJMC) will provide 50 per cent of jute bags and another 50 per cent will be supplied by private sectors including the Bangladesh Jute Mills Association (BJMA) and traders.

But BJMA chairman Shams-uz Zoha said following lower international demand, the jute mills are struggling hard to survive. Some five jute mils have already been forced to announce lay-off.

So the government should go for drive as early as possible to protect the millers' interest, he said.

He, however, said the private mills are not getting 'equal opportunities in supplying the product.

The government had taken various programmes to create awareness among the people about usefulness of environment-friendly jute bags.

The Export Promotion Bureau (EPB) data showed that the country's export earnings from jute bags and sacks stood at $92.33 million during the July-April period of FY 2013-14 as against US$193.52 million in the corresponding period of FY 2012-13. It registered a 52 per cent lower growth.

About 7.0 million bales of jute are produced in the country every year. Of these, some 4.5-5.0 million bales are usually required for local jute industries and the rest are kept for export.

ইনকিলাব
Date:01-07-2014 Page 16 Col 2-2 Size:13 Col*Inc

# দক্ষ জনশক্তি ও সুষ্ঠু বিপণন নীতির অভাবে ব্যাহত হচ্ছে প্লাস্টিক খাতের সম্ভাবনা

অর্থনৈতিক রিপোর্টার

কম খরচে উৎপাদন' ও শুল্কমুক্ত রফতানি সুবিধা থাকা সত্ত্বেও দক্ষ জনশক্তি আর সুষ্ঠু বিপণন নীতির অভাবে এ সুযোগ কাজে লাগাতে পারেনি প্লাস্টিক খাতের উদ্যোক্তারা। পাশাপাশি অন্যান্য শিল্প খাতের মতো এ খাতকে এগিয়ে নিতে সরকারের প্রণোদনা না থাকায় তা সম্ভব হচ্ছে না বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। গতকাল দুপুরে রফতানি পৃঃ ১২ কঃ ৫

## দক্ষ জনশক্তি ও সুষ্ঠু বিপণন নীতির

১৬-এর পৃষ্ঠার পর

উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে এক সেমিনারে তারা এসব কথা বলেন।

'প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক বিশেষ সেমিনারের আয়োজন করে রফতানি উন্নয়ন ব্যুরো। এতে মূল প্রবন্ধ উপস্থান করেন সেন্টার ফর পলিসি ডয়ালগ (সিপিডি)-এর অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। মূল প্রবন্ধে তিনি বলেন, বিশ্বব্যাপী পোশাক শিল্পের বাজার প্রায় ৭৭২ বিলিয়ন ডলার আর প্লাস্টিক শিল্প খাতের বাজার প্রায় ৫৯২ বিলিয়ন ডলারের। এরমাঝে বাংলাদেশ রফতানি করে মাত্র ৮৫ মিলিয়ন ডলার। যা আন্তর্জাতিক বাজারের মোট চাহিদার শতকরা শূন্য দশমিক শূন্য এক শতাংশ। তবে, বাংলাদেশের প্লাস্টিক সামগ্রী রফতানি খাতের বার্ষিক আয় ২০০১ সালের তুলনায় ২০১৩ সালে প্রায় ৯৪ শতাংশ রফতানি বেড়েছে বলে জানান তিনি। তিনি অন্যান্য পণ্যের সঙ্গে সহকারী পণ্য বা প্লাস্টিক সামগ্রী সরাসরি রফতানি করার পাশাপাশি কাঁচামাল উৎপাদন করে রফতানি করার পরামর্শ দেন।

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, প্লাস্টিক শিল্প খাত দক্ষ জনশক্তি সংকটে রয়েছে। এজন্য ব্যাহত হচ্ছে উৎপাদন। এছাড়া ক্ষুদ্র ও মাঝারি ধরনের শিল্প উদ্যোক্তাদের পক্ষে সম্ভব হয় না প্রশিক্ষিত শ্রমিক নিয়োগ দেয়া। বাধ্য হয়ে তারা অনভিজ্ঞদের নিয়োগ দেয়। প্রশিক্ষিত শ্রমিকের প্রচুর চাহিদা থাকায় কিছুদিনের অভিজ্ঞতা নিয়ে উচ্চ বেতনে অন্যত্র চলে যায়। এতে ক্ষতিগ্রস্ত হয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা। তিনি বলেন, দেশের প্লাস্টিক শিল্পের অটো মোবাইল ও বৈদ্যুতিক খাতে ব্যবহৃত প্লাস্টিক সামগ্রী ও খেলনা তৈরি ব্যাপক সম্ভবনাময় খাত। প্লাস্টিক পণ্য তৈরির কাঁচামাল বিশেষত পলিপলিন ও পিভিসির বিশাল চাহিদা রয়েছে দেশে এবং বিদেশে। এসব খাতে বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে।

আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্লাস্টিক শিল্পের মূল প্রতিযোগী চীন ও তাইওয়ান। এসব দেশে উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় সেখানেও বাংলাদেশের জন্য বিশাল সুযোগ তৈরি হয়েছে। এছাড়া বাংলাদেশের রয়েছে শুল্কমুক্ত সুবিধা। এই সুযোগ কাজে লাগাতে শিল্প উদ্যোক্তাদের আহ্বান জানান। আন্তর্জাতিক চেইন শপ ওয়ালমার্ট, টেসকো ও আইকেএ'র মত প্রতিষ্ঠানও এখন প্লাস্টিক সামগ্রী আমদানি করছে। এজন্য কারখানার কর্মপরিবেশ উন্নত করার পরামর্শ দেন তিনি।

রফতানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু বলেন, রফতানি পণ্যের সংখ্যা বাড়াতে হবে। প্লাস্টিক দ্রব্য কমদামের ও দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্য বলে অর্থনৈতিক মন্দার কোন প্রভাব এতে পড়েনি।

দেশের প্লাস্টিক শিল্পের জন্য দক্ষ জনশক্তি তৈরি করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে পলিমার সায়েন্স পড়ানোর পরামর্শ দেন শুভাশীষ বসু। তিনি বলেন, এই শিল্পের কাঁচামাল 'মোল্ড' এখনও আমদানি নির্ভর। প্লাস্টিক শিল্পকে শক্তিশালী করতে তা দেশে উৎপাদন করার দরকার।

বাংলাদেশ প্লাস্টিক রফতানিকারক সমিতির সভাপতি জসিম উদ্দিন বলেন, এটি একটি উদীয়মান খাত। দেশে এখন ৫ হাজার কারখানা রয়েছে। এ শিল্পের বাৎসরিক টার্নওভার প্রায় ৫ হাজার কোটি টাকা। এই খাত থেকে শুধু রাজস্ব আদায় হয় ২ হাজার কোটি টাকা। ১২ লাখ লোক জড়িত আছে এই শিল্পের সঙ্গে।

দৈনিক ইত্তেফাক

Date:01-07-2014 Page 18, Col 7-8 Size: 11 Col*Inc

# গার্মেন্টসের ন্যায় সুবিধা চায় প্লাস্টিক খাত

■ ইত্তেফাক রিপোর্ট

আন্তর্জাতিক বাজারে গার্মেন্টস পণ্যের মত চাহিদা থাকলেও প্লাস্টিক পণ্য রপ্তানিতে কাঙ্ক্ষিত মাত্রায় উন্নতি করতে পারেনি বাংলাদেশ। তবে বিগত ১০ বছরের ব্যবধানে এ পণ্যটির রপ্তানি বেড়েছে ১ হাজার ভাগেরও বেশি। গার্মেন্টস উদ্যোক্তাদের ন্যায় নীতি সহায়তা পেলে প্লাস্টিক পণ্য রপ্তানি এক সময় গার্মেন্টসকেও ছাড়িয়ে যেতে পারে। গতকাল রাজধানীর রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) আয়োজিত প্লাস্টিক খাতের সমস্যা ও সম্ভাবনা বিষয়ক এক সেমিনারে বক্তারা এমন মত দেন। ইপিবির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইপিবি'র ভাইস-চেয়ারম্যান শুভাশীষ বসু। এ সময় প্লাস্টিক খাতের প্রতিনিধিসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, গার্মেন্টস খাতের উদ্যোক্তারা বর্তমানে রপ্তানিতে উৎসে কর, নতুন বাজারে রপ্তানিতে সরকারের প্রণোদনা পাচ্ছে। সেই তুলনায় প্লাস্টিক খাতের উদ্যোক্তারা এ সুবিধা কম পাচ্ছে। তিনি তথ্য দিয়ে বলেন, বর্তমানে তৈরি পোশাক ও টেক্সটাইলের আন্তর্জাতিক বাজারের পরিমাণ হচ্ছে ৭৭২ বিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে প্লাস্টিক পণ্যের বাজারের পরিমাণ ৫৯২ বিলিয়ন ডলার। অথচ বিশাল এই বাজারের মাত্র দশমিক শূন্য এক শতাংশ বাংলাদেশের দখলে। বিশাল এই বাজারে বাংলাদেশের দখলের অংশ বাড়াতে গ্যাস-বিদ্যুৎ সমস্যার সমাধান, বাজারভিত্তিক জরিপ চালানো, ক্রেতা আকর্ষণে প্লাস্টিক কারখানায় কমপ্লায়েন্স (কর্মপরিবেশ) নিশ্চিত করা, মানসম্পন্ন পণ্যের পাশাপাশি পণ্যের বৈচিত্র্য আনার পরামর্শ দিয়েছেন তিনি।

এ সময় প্লাস্টিক খাতের উদ্যোক্তারা এ খাতের নানামুখী সমস্যা তুলে ধরেন। বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিপিজিএমইএ) সভাপতি জসিম উদ্দিন গ্যাস সমস্যার পাশাপাশি যুক্তরাষ্ট্রের বাজারে জিএসপি সুবিধা বাতিলে প্লাস্টিক খাতের ক্ষতির বিষয়টি তুলে ধরেন। এ জন্য সাম্প্রতিক সময়ে বাংলাদেশের প্লাস্টিক পণ্য রপ্তানি কমছে বলে উল্লেখ করেন তিনি।

প্রসঙ্গত, গত ২০১২-১৩ অর্থ বছরে সাড়ে ৮ কোটি ডলারের প্লাস্টিক পণ্য রপ্তানি হলেও সদ্য সমাপ্ত ২০১৩-১৪ অর্থবছরের প্রথম ১১ মাসে প্লাস্টিক রপ্তানির পরিমাণ ৮ কোটি ডলারের কিছু কম।

এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইপিবি'র মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা, পরিচালক এ এস এম হাবিবুল হাসান চৌধুরী, বিপিজিএমইএ'র সহ-সভাপতি এ এস এম কামাল উদ্দিন প্রমুখ।

দৈনিক জনকণ্ঠ
Date 01-07-2014 Page 18, Col 2-5 Size: 22 col*inc

# প্লাস্টিক সামগ্রী রফতানির ব্যাপক সুযোগ

অর্থনৈতিক রিপোর্টার ॥ আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্লাস্টিক সামগ্রী রফতানির ব্যাপক সুযোগ রয়েছে। এটি বাংলাদেশের উদীয়মান শিল্প। এখানে রয়েছে কম খরচে উৎপাদন ও শুল্কমুক্ত রফতানি সুবিধা। দক্ষ জনশক্তি আর বিপণন নীতির কারণে এ সব সুযোগ সঠিকভাবে কাজে লাগাতে পারেনি এই খাতের উদ্যোক্তারা। পাশাপাশি অন্যান্য শিল্প খাতকে এগিয়ে আনতে সরকার যেভাবে প্রণোদনা দেয় কিন্তু প্লাস্টিক খাতের ব্যাপারে তা দেখা যায় না বলে জানিয়েছেন সেমিনারে বক্তারা। সোমবার দুপুরে রফতানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স কক্ষে এক সেমিনারে তারা এ সব কথা বলেন।

'প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক বিশেষ সেমিনারে আয়োজন করে রফতানি উন্নয়ন ব্যুরো। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডয়ালগ (সিপিডি)-এর অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

মূল প্রবন্ধে তিনি বলেন, বিশ্বব্যাপী পোশাক শিল্পের বাজার প্রায় ৭৭২ বিলিয়ন ডলার আর প্লাস্টিক শিল্প খাতের বাজার প্রায় ৫৯২ বিলিয়ন ডলারের। এর মাঝে বাংলাদেশ রফতানি করে মাত্র ৮৫ মিলিয়ন ডলার। যা আন্তর্জাতিক বাজারের মোট চাহিদার শতকরা শূন্য দশমিক শূন্য এক শতাংশ। তবে, বাংলাদেশের প্লাস্টিক সামগ্রী রফতানি খাতের বার্ষিক আয় ২০০১ সালের তুলনায় ২০১৩ সালে প্রায় ৯৪ শতাংশ রফতানি বেড়েছে বলে জানান তিনি। তবে, অন্যান্য পণ্যের সঙ্গে সহকারী পণ্য হিসেবে যেসব প্লাস্টিক সামগ্রী রফতানি হয় এর সঠিক কোন তথ্য নেই।

তিনি বলেন, অন্যান্য পণ্যের সঙ্গে সহকারী পণ্য বা প্লাস্টিক সামগ্রী সরাসরি রফতানি করার পাশাপাশি কাঁচামাল উৎপাদন করে রফতানি করার পরামর্শ দেন তিনি।

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, প্লাস্টিক শিল্প খাত দক্ষ জনশক্তি সঙ্কটে রয়েছে। এ জন্য ব্যাহত হচ্ছে উৎপাদন। এ ছাড়া ক্ষুদ্র ও মাঝারি ধরনের শিল্প উদ্যোক্তাদের পক্ষে সম্ভব হয় না প্রশিক্ষিত শ্রমিক নিয়োগ দেয়া। বাধ্য হয়ে তারা অনভিজ্ঞদের নিয়োগ দেয়। প্রশিক্ষিত শ্রমিকের প্রচুর চাহিদা থাকায় কিছুদিনের অভিজ্ঞতা নিয়ে উচ্চ বেতনে অন্যত্র চলে যায়। এতে ক্ষতিগ্রস্ত হয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তা।

তিনি বলেন, দেশের প্লাস্টিক শিল্পের অটো মোবাইল ও বৈদ্যুতিক খাতে ব্যবহৃত প্লাস্টিক সামগ্রী ও খেলনা তৈরি ব্যাপক সম্ভাবনাময় খাত। প্লাস্টিক পণ্য তৈরির কাঁচামাল বিশেষত পলিপলিন ও পিভিসির বিশাল চাহিদা রয়েছে দেশে এবং বিদেশে। এ সব খাতে বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে। আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্লাস্টিক শিল্পের মূল প্রতিযোগী চীন ও তাইওয়ান। এ সব দেশে উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় সেখানেও বাংলাদেশের জন্য বিশাল সুযোগ তৈরি হয়েছে। এ ছাড়া বাংলাদেশের রয়েছে শুল্কমুক্ত সুবিধা। এই সুযোগ কাজে লাগাতে শিল্প উদ্যোক্তাদের আহ্বান জানান। আন্তর্জাতিক চেইন শপ ওয়ালমার্ট, টেসকো ও আইকেএ'র মতো প্রতিষ্ঠানও এখন প্লাস্টিক সামগ্রী আমদানি করছে। এ জন্য কারখানার কর্মপরিবেশ উন্নত করার পরামর্শ দেন তিনি।

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, দেশীয় বাজারেও পণ্য মোড়ক আইনের যথাযথ বাস্তবায়ন করা দরকার।

তিনি বলেন, সরকার অন্যান্য শিল্প খাত বিশেষত পোশাক শিল্পকে এগিয়ে আনতে যেভাবে প্রণোদনা দিচ্ছে প্লাস্টিক শিল্প খাতের ব্যাপারে তা দেখা যায় না। এ খাতে কার্যকর প্রণোদনা দেয়ার আহ্বান জানান তিনি। তিনি বলেন, জিপিএস সুবিধা বাতিল হওয়ায় প্লাস্টিক শিল্প রফতানির ওপর তার ধাক্কা লেগেছে।

সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক বলেন, দেশের প্লাস্টিক খাতের রফতানির একটা বড় অংশ হিসেবে আসে না। কারণ তা তৈরি পোশাক, ওষুধসহ অন্যান্য সামগ্রীর সঙ্গে সহায়ক পণ্য হিসেবে রফতানি হয়। এ সব সহায়ত পণ্যের মূল রফতানি তালিকায় আনার আহ্বান জানান তিনি।

## জ্বালানি ও দক্ষ জনবল সঙ্কট

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে রফতানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু বলেন, রফতানি পণ্যের সংখ্যা বাড়াতে হবে। প্লাস্টিক দ্রব্য কম দামের ও দৈনন্দিন প্রয়োজনীয় দ্রব্য বলে অর্থনৈতিক মন্দার কোন প্রভাব এতে পড়েনি। তিনি বলেন, প্লাস্টিক পণ্য রফতানিতে বাংলাদেশের প্রতিযোগী চীন ও তাইওয়ান। তাদের উৎপাদন ব্যয় বেড়ে যাওয়ায় বাংলাদেশের পণ্যের বিশাল সুযোগ তৈরি হয়েছে।

দেশের প্লাস্টিক শিল্পের জন্য দক্ষ শক্তি তৈরি করতে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে পলিমার সায়েন্স পড়ানোর পরামর্শ দেন শুভাশীষ বসু। তিনি বলেন, এই শিল্পের কাঁচামাল 'মোল্ড' এখনও আমদানি নির্ভর। প্লাস্টিক শিল্পকে শক্তিশালী করতে তা দেশে উৎপাদন করার দরকার। বাংলাদেশ প্লাস্টিক রফতানিকারক সমিতির সভাপতি জসিম উদ্দিন বলেন, এটি একটি উদীয়মান খাত। দেশে এখন ৫ হাজার কারখানা রয়েছে। এ শিল্পের বাৎসরিক টার্নওভার প্রায় ৫ হাজার কোটি টাকা। এই খাত থেকে শুধু রাজস্ব আদায় হয় ২ হাজার কোটি টাকা। ১২ লাখ লোক জড়িত আছে এই শিল্পের সঙ্গে। এ ছাড়া প্লাস্টিক শিল্পের বাৎসরিক প্রবৃদ্ধি ২০ শতাংশ।

বাংলাদেশ প্লাস্টিক রফতানিকারক সমিতির সভাপতি বলেন, জ্বালানি সঙ্কটের পরপরই দক্ষ জনশক্তি বড় সমস্যা হয়ে দেখা দিয়েছে। তাই প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠার কাজ শুরু করেছেন। বুয়েট সহায়তা করছে। সরকার এ জন্য ১০ কোটি টাকা বরাদ্ধ দিয়েছে। রফতানি উন্নয়ন ব্যুরোর মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রফতানি উন্নয়ন ব্যুরোর পরিচালক (নীতি ও পরিকল্পনা) এএস হাবিবুল হাসান চৌধুরী।

দৈনিক জনতা
Date:01-07-2014 Page08, Col 3-4 Size: 10 Col*Inc

# প্লাস্টিক শিল্প বিকাশে দক্ষ জনশক্তি তৈরির তাগিদ

অর্থনৈতিক রিপোর্টার

বিশ্ববাজারে অবারিত সুযোগ থাকা সত্ত্বেও অকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রফতানিকারক ও বিশেষজ্ঞরা। গতকাল সোমবার রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সম্মেলন কক্ষে প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এই মন্তব্য করেন। এ সময় তারা এ শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বাড়ানো এবং, ◀◀ ৭ পৃষ্ঠায় ২য় কলাম দেখুন

## প্লাস্টিক শিল্প

দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেন। ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারকএ এসোসিয়েশন (বিপিজিএমইএ) যৌথভাবে সেমিনারটির আয়োজন করে।

সেমিনারে উপস্থিত ছিলেন, ইপিবি ভাইস-চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)'র অতিরিক্তি পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, ইপিবি মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা প্রমুখ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।'তিনি তার প্রবন্ধে উল্লেখ করেন, সমগ্র বিশ্বে পোশাক শিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা বেশি। ২০১৩ সালে সারা বিশ্বে প্লাস্টিক পণ্যের বাজার ছিল ৫৯০ বিলিয়ন মার্কিন ডলারে। যেটা প্রতি বছর ১৭ শতাংশ করে বাড়ছে।

এখন বাংলাদেশে প্লাস্টিক রফতানি একটা বড় খাত হয়ে উঠেছে তা নয়। এখাতটির বার্ষিক প্রবৃদ্ধি বাড়ছে প্রায় ৯৪ শতাংশ হারে। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল দশমিক ০০৪ শতাংশ। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে।

তিনি বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডিম পণ্য) হিসেবে রফতানি হচ্ছে। যেখানে সরাসরি রফতানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রফতানি ৩৪০ মিলিয়ন ডলার হলেও সরাসরি রফতানি হয়েছে ৮৫ মিলিয়ন ডলার। বিশ্ব বাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রফতানিকারকগণ। প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১ দশমিক ২ মিলিয়ন ডলারের। যা ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত লিঙ্কেজ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না। একই সঙ্গে ৬৬ শতাংশ ছোট কারখানা রয়েছে যারা বিদেশি বিনিয়োগের সঙ্গে জড়িত হতে পারছে না। যে সব কারখানার উৎপাদন ব্যয় বেশি।এই শিল্পের এখনকার চ্যালেঞ্জ হিসেবে তিনি বলেন, দেশে ছোট বড় প্রায় ৫ হাজার কারখানা রয়েছে। যার ৬৫ শতাংশ ঢাকার মধ্যে ২০ শতাংশ চট্টগ্রাম, ১০ শতাংশ নারায়ণগঞ্জ ও বাকি ৫ শতাংশ অন্যান্য বিভাগে রয়েছে।

এখন পোশাক কেনা বিভিন্ন বিদেশি ব্র্যান্ড কিছু কিছু প্লাস্টিক পণ্যও কিনছেন। তারা যখন পুরোদমে প্লাস্টিক পণ্য ক্রয় কিনবেন তখন তাদের কাছে কমপ্লায়েন্স ইস্যু বড় হয়ে দাঁড়াবে। এর জন্য প্লাস্টিক পল্লী নির্মাণ ও প্লাস্টিক ইনস্টিটিউট তৈরি প্রয়োজন বলে মনে করেন তিনি। এর পাশাপাশি সরকারকেও দেশের সম্ভাবনাময় খাতকে নজর দেয়ার প্রয়োজন রয়েছে। পোশাক শিল্পের মতো এই খাতকে বিশেষ প্রণোদনা দিলে প্লাস্টিক

যুগান্তর
Date 01-07-2014 Page 13, Col 1-2 Size: 12 col*inc

সেমিনারে বক্তারা

# অবকাঠামো ও নানা প্রতিবন্ধকতায় প্লাস্টিক শিল্পের বিকাশ হচ্ছে না

**যুগান্তর রিপোর্ট**

বিশ্ববাজারে ব্যাপক সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামোগত সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব এবং আলাদা শিল্পপল্লী ও ইন্সটিটিউট না থাকায় প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না। এসব সমস্যার সমাধান হলে এ শিল্প আগামী এক দশকের মধ্যে দ্বিতীয় একক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত হিসেবে স্থান করে নিতে পারে। কেননা বৈশ্বিক মন্দা ও মার্কিন বাজারে জিএসপি সুবিধা স্থগিত থাকা সত্ত্বেও এ শিল্পের রফতানি আয় বাড়ছে। প্লাস্টিক শিল্পের রফতানি সমস্যা ও সম্ভাবনা নিয়ে আয়েজিত এক সেমিনারে বিশেষজ্ঞরা ও সংশ্লিষ্ট রফতানিকারকরা এসব মন্তব্য করেন।

সোমবার রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সম্মেলন কক্ষে এ সেমিনারের আয়োজন করা হয়। ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) যৌথভাবে সেমিনারটির আয়োজন করে। সেমিনারে উপস্থিত ছিলেন— ইপিবি ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মোঃ জসিম উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্তি পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, ইপিবি মহাপরিচালক বেগম মাফরূহা সুলতানা প্রমুখ।

সেমিনারে প্লাস্টিক শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশী বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেয়া হয়। মূল প্রবন্ধে বলা হয়, সমগ্র বিশ্বে পোশাক শিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা বেশি। ২০১৩ সালে সারা বিশ্বে প্লাস্টিক পণ্যের বাজার ছিল ৫৯০ বিলিয়ন মার্কিন ডলারে। যেটা প্রতি বছর ১৭ শতাংশ করে বাড়ছে। বাংলাদেশেও প্লাস্টিক রফতানি একটা বড় খাত হয়ে উঠেছে। এ খাতটির বার্ষিক প্রবৃদ্ধি বাড়ছে প্রায় ৯৪ শতাংশ হারে। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল একেবারেই কম। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে।

শুভাশীষ বসু বলেন, প্লাস্টিক পণ্য বিশ্বের বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল দেশে রফতানি হচ্ছে। আরও নতুন বাজার সৃষ্টির সম্ভাবনাও দেখা যাচ্ছে। রফতানির দিক দিয়ে বর্তমানে পোশাক ও খাদ্যপণ্যের পরেই এ শিল্পের অবস্থান। অন্যদিকে ওষুধ ও সিরামিকস শিল্পের ওপরে পবলাস্টিক শিল্পের অবস্থান। তিনি বলেন, এ খাতে দক্ষ শ্রমিকের বড় সংকট। এজন্য সরকারও ব্যবস্থা গ্রহণ করছে। একই সঙ্গে বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পলিমারের ওপর কোর্স চালু করা হলে এ শিল্প আরও এগিয়ে যাবে।

ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডিম পণ্য) হিসেবে রফতানি হচ্ছে। যেখানে সরাসরি রফতানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রফতানি ৩৪০ মিলিয়ন ডলার হলেও সরাসরি রফতানি হয়েছে ৮৫ মিলিয়ন ডলার। বিশ্ব বাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রফতানিকারকরা।

প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১ দশমিক ২ মিলিয়ন ডলারের। যা ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত লিঙ্কেজ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না।

কালের কণ্ঠ
Date:01-07-2014 Page:05 Col:7-8 Size:08 Col*Inc

# সহায়তার অভাবে বাজার ধরতে পারছে না প্লাস্টিক

নিজস্ব প্রতিবেদক

**গার্মেন্ট পণ্যের মতো আন্তর্জাতিক বাজারে প্লাস্টিক পণ্যের চাহিদা থাকলেও রপ্তানিতে কাঙ্ক্ষিত মাত্রায় উন্নতি করতে পারেনি বাংলাদেশ। তবে বিগত ১০ বছরের ব্যবধানে এই** পণ্যটির রপ্তানি বেড়েছে এক হাজার ভাগেরও বেশি। গার্মেন্ট উদ্যোক্তাদের ন্যায় নীতি সহায়তা পেলে প্লাস্টিক পণ্য রপ্তানি একসময় গার্মেন্টকেও ছাড়িয়ে যেতে পারে।

- প্লাস্টিকের বিশ্ববাজার ৫৯২ বিলিয়ন ডলারের
- বাংলাদেশের দখলে .০১ শতাংশ

গতকাল রাজধানীর রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) আয়োজিত প্লাস্টিক খাতের সমস্যা ও সম্ভাবনাবিষয়ক এক সেমিনারে বক্তারা এমন মত দেন। ইপিবির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইপিবির ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু। এ সময় প্লাস্টিক খাতের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মূল প্রবন্ধে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্ত গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, গার্মেন্ট খাতের উদ্যোক্তারা বর্তমানে রপ্তানিতে উৎসে কর, নতুন বাজারে রপ্তানিতে সরকারের প্রণোদনা পাচ্ছে। সেই তুলনায় প্লাস্টিক খাতের উদ্যোক্তারা এই সুবিধা কম পাচ্ছে। তিনি তথ্য দিয়ে বলেন, বর্তমানে তৈরি পোশাক ও টেক্সটাইলের আন্তর্জাতিক বাজারের পরিমাণ হচ্ছে ৭৬২ বিলিয়ন ডলার। অন্যদিকে প্লাস্টিক পণ্যের বাজার ৫৯২ বিলিয়ন ডলারের। অথচ বিশাল এই বাজারের মাত্র দশমিক ০১ শতাংশ বাংলাদেশের দখলে। বিশাল এই বাজারে বাংলাদেশের দখলের অংশ বাড়াতে গ্যাস-বিদ্যুৎ সমস্যার সমাধান, বাজারভিত্তিক জরিপ চালানো, ক্রেতা আকর্ষণে প্লাস্টিক কারখানায় কমপ্লায়েন্স (পরিপালনীয় কর্মপরিবেশ) নিশ্চিত করা, মানসম্মত পণ্যের পাশাপাশি পণ্যের বৈচিত্র্য আনার পরামর্শ দিয়েছেন তিনি। এ সময় প্লাস্টিক খাতের উদ্যোক্তারা এ খাতের নানামুখী সমস্যা তুলে ধরেন। বাংলাদেশ প্লাস্টিকদ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির সভাপতি জসিম উদ্দিন গ্যাস সমস্যার পাশাপাশি যুক্তরাষ্ট্রের বাজারে জিএসপি সুবিধা বাতিলে প্লাস্টিক খাতের ক্ষতির বিষয়টি তুলে ধরেন।

মানবকণ্ঠ
Date:01-07-2014 Page 07, Col 1-4 Size: 16 Col*Inc

ইপিপি ও বিপিজিএমইএর সেমিনারে বক্তারা

# প্লাস্টিক শিল্পও হতে পারে বৃহৎ রফতানি খাত

**নিজস্ব প্রতিবেদক**

বিশ্ববাজারে বিশাল সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রফতানিকারক ও বিশেষজ্ঞরা। এসব সমস্যা কাটিয়ে উঠলে তৈরি পোশাক খাতের মতোই এ শিল্পও বৃহৎ রফতানি খাতে পরিণত হতে পারে বলে তারা মনে করেন।

গতকাল রাজধানীর কারওয়ান বাজারস্থ রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সম্মেলন কক্ষে 'প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশনের (বিপিজিএমইএ) যৌথ আয়োজনে সেমিনারে উপস্থিত ছিলেন ইপিবি ভাইস-চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, ইপিবি মহাপরিচালক বেগম মাফরূহা সুলতানা প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, বর্তমান বিশ্বে প্লাস্টিক ও প্লাস্টিকপণ্যের কাঁচামালের প্রায় ৫৯০ বিলিয়ন ডলারের রফতানি বাজার রয়েছে। যা প্রতি বছর ১৬ শতাংশ হারে বাড়ছে। বাংলাদেশ সেখানে রফতানি করে মাত্র ৮৫ মিলিয়ন ডলার। অন্যদিকে বিশ্বে টেক্সটাইল ও তৈরি পোশাক শিল্পের রফতানি বাজার ৭৭২ বিলিয়ন ডলার। কাজেই প্লাস্টিক পণ্যের বিশাল এ রফতানি বাজারে বাংলাদেশের অংশ বাড়ানোর অনেক সম্ভাবনা রয়েছে। এ জন্য প্রয়োজন যথাযথ উদ্যোগ। এ শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেন বক্তারা।

অনুষ্ঠানে মূল প্রবন্ধে ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, সমগ্র বিশ্বে পোশাক শিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা রয়েছে। বিশ্বে এ শিল্পের চাহিদা ১৭ শতাংশ হলেও বাংলাদেশে বার্ষিক প্রবৃদ্ধির হার প্রায় ৯৪ শতাংশ। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল দশমিক ০০৪ শতাংশ। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে। তিনি বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডিম পণ্য) হিসেবে রফতানি হচ্ছে। যেখানে সরাসরি রফতানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রফতানি ৩৪০ মিলিয়ন ডলার হলেও সরাসরি রফতানি হয়েছে ৮৫ মিলিয়ন ডলার। বিশ্ব বাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রফতানিকারকগণ।

তিনি বলেন, প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১ দশমিক ২ মিলিয়ন ডলারের। ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত সংযোগ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না বলে তিনি মত দেন। একই সঙ্গে ৬৬ শতাংশ ছোট কারখানা রয়েছে যারা বিদেশি বিনিয়োগের সঙ্গে জড়িত হতে পারছে না। যে সব কারখানার উৎপাদন ব্যয় বেশি।

এই শিল্পের এখনকার চ্যালেঞ্জ হিসেবে তিনি বলেন, দেশে ছোট বড় প্রায় ৫ হাজার কারখানা রয়েছে। যার ৬৫ শতাংশ ঢাকার মধ্যে ২০ শতাংশ চট্টগ্রাম, ১০ শতাংশ নারায়ণগঞ্জ ও বাকি ৫ শতাংশ অন্যান্য বিভাগে রয়েছে। এখন পোশাক কেনা বিভিন্ন বিদেশি ব্র্যান্ড কিছু কিছু প্লাস্টিক পণ্যও কিনছেন। তারা যখন পুরোদমে প্লাস্টিক পণ্য ক্রয় কিনবেন তখন তাদের কাছে কমপ্লায়েন্স ইস্যু বড় হয়ে দাঁড়াবে। এ জন্য প্লাস্টিক পল্লী নির্মাণ ও প্লাস্টিক ইনস্টিটিউট তৈরির প্রয়োজন বলে মনে করেন তিনি।

এর পাশাপাশি সরকারকেও দেশের সম্ভাবনাময় এই খাতে নজর দেয়ার প্রয়োজন রয়েছে বলে তিনি উল্লেখ করেন। পোশাক শিল্পের মতো এই খাতকে বিশেষ প্রণোদনা দিলে প্লাস্টিক রফতানিও বাড়ানো যাবে। তাছাড়া টেস্টিং ল্যাবরেটরি ও দক্ষ মানব সম্পদ এবং প্রযুক্তিগত উন্নয়নের প্রয়োজন বলেও মনে করেন তিনি।

মানবজমিন
Date 01-07-2014 Page 16, Col 1-3 Size: 15 Col*Inc

# প্লাস্টিক শিল্প বিকাশে দক্ষ জনশক্তি তৈরির আহ্বান

**অর্থনৈতিক রিপোর্টার:** বিশ্ববাজারে অবারিত সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রপ্তানিকারক ও বিশেষজ্ঞরা। সোমবার রাজধানীর রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সম্মেলন কক্ষে 'প্লাস্টিক পণ্য সামগ্রী রপ্তানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এই মন্তব্য করেন। এ সময় তারা এ শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশী বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেন। ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) যৌথভাবে সেমিনারটির আয়োজন করে। সেমিনারে উপস্থিত ছিলেন, ইপিবি ভাইস-চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিন, ইপিবি মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা প্রমুখ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি প্রবন্ধ উপস্থাপনকালে বলেন, সমগ্র বিশ্বে পোশাক শিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা বেশি। ২০১৩ সালে সারা বিশ্বে প্লাস্টিক পণ্যের বাজার ছিল ৫৯০ বিলিয়ন মার্কিন ডলারে। যেটা প্রতি বছর ১৭ শতাংশ করে বাড়ছে। এখন বাংলাদেশে প্লাস্টিক রপ্তানি একটা বড় খাত হয়ে উঠেছে তা নয়। এ খাতটির বার্ষিক প্রবৃদ্ধি বাড়ছে প্রায় ৯৪ শতাংশ হারে। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল দশমিক ০০৪ শতাংশ। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে। তিনি বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডীম পণ্য) হিসেবে রপ্তানি হচ্ছে। যেখানে সরাসরি রপ্তানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রপ্তানি ৩৪০ মিলিয়ন ডলার হলেও সরাসরি রপ্তানি হয়েছে ৮৫ মিলিয়ন ডলার। বিশ্ব বাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রপ্তানিকারকগণ। প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১.২ মিলিয়ন ডলারের। যা ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত লিঙ্কেজ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না। একই সঙ্গে ৬৬ শতাংশ ছোট কারখানা রয়েছে যারা বিদেশী বিনিয়োগের সঙ্গে জড়িত হতে পারছে না। যেসব কারখানার উৎপাদন ব্যয় বেশি। এই শিল্পের এখনকার চ্যালেঞ্জ হিসেবে তিনি বলেন, দেশে ছোট বড় প্রায় ৫ হাজার কারখানা রয়েছে। যার ৬৫ শতাংশ ঢাকার মধ্যে ২০ শতাংশ চট্টগ্রাম, ১০ শতাংশ নারায়ণগঞ্জ ও বাকি ৫ শতাংশ অন্যান্য বিভাগে রয়েছে। এখন পোশাক কেনা বিভিন্ন বিদেশি ব্র্যান্ড কিছু কিছু প্লাস্টিক পণ্যও কিনছেন। তারা যখন পুরোদমে প্লাস্টিক পণ্য ক্রয় কিনবেন তখন তাদের কাছে কমপ্লায়েন্স ইস্যু বড় হয়ে দাঁড়াবে। এর জন্য প্লাস্টিক পল্লী নির্মাণ ও এর ইনস্টিটিউট তৈরির প্রয়োজন বলে মনে করেন তিনি। এর পাশাপাশি সরকারকেও দেশের সম্ভাবনাময় খাতকে নজর দেয়ার প্রয়োজন রয়েছে। পোশাক শিল্পের মতো এই খাতকে বিশেষ প্রণোদনা দিলে প্লাস্টিক রপ্তানিও বাড়ানো যাবে। তাছাড়া টেস্টিং ল্যাবরেটরি ও দক্ষ মানব সম্পদ ও প্রযুক্তিগত উন্নয়নের প্রয়োজন বলেও মনে করেন তিনি। অনুষ্ঠানে বক্তারা প্লাস্টিক শিল্পের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

NEW AGE
Date:01-07-2014 Page12 Col 1-6 Size: 80 col-inc

# Technological inefficiency holds back plastic exporters: experts

**Staff Correspondent**

TECHNOLOGICAL inefficiency, environmental concern, lack of skilled manpower and weakness of infrastructure are key barriers to the development of the country's prospective plastic sector, said experts and exporters on Monday.

In a seminar on 'Export-oriented plastic industry of Bangladesh: challenges and opportunities,' they said that Bangladesh had not yet able to take the advantage of preferential market access in full swing in plastic goods exports because of supply-side constraints and lack of technical know-how.

Bangladesh has huge potential for the growth of export oriented plastic industry but major challenge is to build export competitiveness in the sector, additional research director of Centre for Policy Dialogue Khondakar Golam Moazzem said in the seminar while presenting the keynote paper.

Bangladesh Export Promotion Bureau and the Bangladesh Plastic Manufacturers and Exporters Association jointly organised the seminar to address problems and prospects of the sector.

Moazzem pointed out that the global market for plastic and related products was $590 billion while the market size of apparels and textile was $ 772 billion but the export of plastic products could not reach at expected stage.

Though Bangladesh is the second largest garment exporter country in the world and its value might excide $30 billion in the current financial year, the export earnings from plastic products in July-May period fetched $76.50 million with a 2.14 per cent negative growth.

Suggesting exporters to make the sector compliant, Moazzem said that major global retail chains like Walmart, IKEA and Tesco were interested to import plastic products from Bangladesh if it manufactured in complaint factories.

He recommended relocation of factories from the Dhaka and urged the government to provide funds needed for the establishment of a plastic industrial zone.

Moazzem emphasised on proper manifestation of the plastic export in the national data as data only provided information of direct export and ignored indirect (deemed) export.

Deemed export to be reported separately in order to understand the extent of exact amount of export as indirect export is accounted for more than 75 per cent of total plastic export, he said.

BPMEA president Jasim Uddin also urged the government to take measures for establishing an industrial park for the sector.

অর্থনীতি প্রতিদিন
Date:01-07-2014 Page 05 Col 5-8 Size: 34 Col*Inc

# সহায়তা পেলে প্লাস্টিক শিল্পও বড় রফতানি খাত হতে পারে



*রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সম্মেলন কক্ষে গতকাল 'প্লাস্টিক পণ্যসামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা* **- অর্থসূচক**

■ **অর্থনীতি প্রতিবেদক**

বিশ্ববাজারে অবারিত সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রফতানিকারক ও বিশেষজ্ঞরা। সেই সঙ্গে প্লাস্টিক শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সম্মেলন কক্ষে গতকাল সোমবার ইপিবি এবং বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশনের (বিপিজিএমইএ) যৌথ আয়োজনে 'প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এই মন্তব্য করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বলেন, সমগ্র বিশ্বে পোশাকশিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা বেশি। ২০১৩ সালে সারা বিশ্বে প্লাস্টিক পণ্যের বাজার ছিল ৫৯ হাজার কোটি মার্কিন ডলারের। যেটা প্রতি বছর ১৭ শতাংশ হারে বাড়ছে।

উপস্থাপনায় বলা হয়, বর্তমানে বাংলাদেশে প্লাস্টিক রফতানি একটা বড় খাত হয়ে উঠেছে তা নয়। এ খাতটির বার্ষিক প্রবৃদ্ধি প্রায় ৯৪ শতাংশ। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল দশমিক ০০৪ শতাংশ। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে। তিনি বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক **পৃষ্ঠা ১১ কলাম ২**

## সহায়তা পেলে প্লাস্টিক

৫ পৃষ্ঠার পর

পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডিম পণ্য) হিসেবে **রফতানি হচ্ছে। সরাসরি রফতানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রফতানি ৩৪ কোটি ডলার হলেও** সরাসরি রফতানি হয়েছে ৮.৫ কোটি ডলার। বিশ্ববাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রফতানিকারকরা।

প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১২ লাখ ডলারের, যা ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪ কোটি ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত লিঙ্কেজ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না। একইসঙ্গে ৬৬ শতাংশ ছোট কারখানা রয়েছে যারা বিদেশি বিনিয়োগের সঙ্গে জড়িত হতে পারছেন না। যে সব কারখানার উৎপাদন ব্যয় বেশি।

এই শিল্পের এখনকার চ্যালেঞ্জ উল্লেখ করে খন্দকার মোয়াজ্জেম বলেন, দেশে ছোট বড় প্রায় পাঁচ হাজার কারখানা রয়েছে। যার ৬৫ শতাংশ ঢাকায়, ২০ শতাংশ চট্টগ্রাম, ১০ শতাংশ নারায়ণগঞ্জ ও বাকি ৫ শতাংশ অন্যান্য বিভাগে রয়েছে।

বর্তমানে পোশাক কেনা বিভিন্ন বিদেশি ব্র্যান্ড কিছু কিছু প্লাস্টিক পণ্যও কিনছেন। তারা যখন পুরোদমে প্লাস্টিক পণ্য কিনবেন তখন তাদের কাছে কম্প্লায়েন্স সমস্যা বড় হয়ে দাঁড়াবে। এর জন্য প্লাস্টিক পল্লী নির্মাণ ও প্লাস্টিক ইনস্টিটিউট তৈরির প্রয়োজন বলে মনে করেন তিনি।

এর পাশাপাশি সরকারকেও দেশের সম্ভাবনাময় খাতের প্রতি নজর দেয়ার প্রয়োজন রয়েছে। পোশাকশিল্পের মতো এই খাতকে বিশেষ প্রণোদনা দিলে প্লাস্টিক রফতানিও বাড়ানো যাবে। তা ছাড়া টেস্টিং ল্যাবরেটরি ও দক্ষ মানব সম্পদ এবং প্রযুক্তিগত উন্নয়নের প্রয়োজন বলেও মনে করেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।

ইপিবির ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু বলেন, প্লাস্টিক পণ্য বিশ্বের বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল দেশে রফতানি হচ্ছে। আরো নতুন বাজার সৃষ্টির সম্ভাবনাও দেখা যাচ্ছে। রফতানির দিক দিয়ে বর্তমানে পোশাক ও খাদ্যপণ্যের পরই এ শিল্পের অবস্থান। অন্যদিকে ওষুধ ও সিরামিকস শিল্পের উপরে প্লাস্টিক শিল্পের অবস্থান।

বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিন বলেন, প্লাস্টিক শিল্পে কর্মসংস্থান হয়েছে প্রায় ১২ লাখ মানুষের। আর প্লাস্টিক শিল্প কৃষিতেও ব্যাপক ভূমিকা রাখছে। এর মধ্যে রয়েছে সেচ পাইপ, পলিথিন, ড্রামসিডার প্যাকেজিংসহ অনেক কিছুই। এ খাতে বছরে টার্নওভার প্রায় পাঁচ হাজার কোটি টাকা। সেমিনারে আরো উপস্থিত ছিলেন ইপিবির মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা এবং বিপিজিএমইএর নেতারা।

সংবাদ
Date:01-07-2014 Page 14 Col 1-3 Size:15 Col*Inc

# সুবিধা দিলে প্লাস্টিকও বৃহত্তম রপ্তানি খাত হবে

অর্থনৈতিক বার্তা পরিবেশক

তৈরি পোশাক শিল্পের মতো সুবিধা দিলে প্লাস্টিকও বৃহত্তম রপ্তানি খাত হিসেবে আবির্ভূত হবে। বিশ্বে প্লাস্টিক পণ্যের বিশাল বাজার রয়েছে। তা কোন অংশেই টেক্সটাইল ও তৈরি পোশাকের চেয়ে কম নয়।

বর্তমান বিশ্বে প্লাস্টিক ও প্লাস্টিক পণ্যের কাঁচামালের প্রায় ৫৯০ বিলিয়ন ডলারের রপ্তানি বাজার রয়েছে। বাংলাদেশ সেখানে রপ্তানি করে মাত্র ৮৫ মিলিয়ন ডলার। অন্যদিকে বিশ্বে টেক্সটাইল ও তৈরি পোশাক শিল্পের রপ্তানি বাজার ৭৭২ বিলিয়ন ডলার। কাজেই প্লাস্টিক পণ্যের বিশাল এ রপ্তানি বাজারে বাংলাদেশের অংশ বাড়ানোর অনেক সম্ভাবনা রয়েছে। এ জন্য প্রয়োজন যথাযথ উদ্যোগ।

বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিপিজিএমইএ) যৌথ উদ্যোগে আয়োজিত সেমিনারের মূল প্রবন্ধে এসব কথা বলা হয়। গতকাল ইপিবি ভবনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন ইপিবির ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু; বিশেষ অতিথি ছিলেন বিপিজিএমইএ সভাপতি জসিম উদ্দিন। ইপিবি মহাপরিচালক মাফরুহা সুলতানার সভাপতিত্বে এতে 'প্লাস্টিকের পণ্যসামগ্রী রপ্তানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম হোসেন। পরে প্রবন্ধের ওপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। এতে প্লাস্টিক খাতের উদ্যোক্তারা অংশগ্রহণ করেন।

মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে প্রাণ-আরএফএল গ্রুপের প্লাস্টিক রপ্তানি বিভাগের কর্মকর্তা সালাহ উদ্দিন বলেন, ফ্রেইটের কারণে দূরবর্তী দেশগুলোতে আমাদের প্লাস্টিক পণ্য রপ্তানিতে প্রতিযোগী হয়ে উঠতে পারে না। এছাড়া ভারত, নেপাল ও ভুটানে রপ্তানিতে যে সমস্যা আছে সেগুলো দূর করতে আমাদের মনোযোগী হতে হবে। সম্প্রতি বাংলাদেশকে ১৭০টি পণ্যে শুল্কমুক্ত সুবিধা দেয়ার ঘোষণা দিয়েছে নেপাল। সেখানে প্লাস্টিক পণ্য যাতে অন্তর্ভুক্ত থাকে এজন্য চেষ্টা করতে হবে।

লুনা প্লাস্টিকের ব্যবস্থাপনা পরিচালক এসএম কামাল উদ্দিন বলেন, প্লাস্টিক শিল্প একটি জ্বালানি নির্ভর খাত। এ খাতে পর্যাপ্ত বিদ্যুৎ ও গ্যাসের সরবরাহ না বাড়ালে উন্নয়ন হবে না।

মূল প্রবন্ধে খন্দকার গোলাম মোয়াজ্জেম হোসেন বলেন, যুক্তরাষ্ট্রের বাজারে জিএসপি সমস্যা, প্লাস্টিক শিল্পে ব্যবহৃত মেশিনারি সমস্যা, টেস্টিং ল্যাবরেটরি, মোল্ড মেনুফ্যাকচারিং, দক্ষ জনশক্তির অভাব, পরিবেশ সচেতনতা, কারিগরি অদক্ষতা এবং ফ্রেইট কস্ট প্লাস্টিক পণ্যের রপ্তানি প্রবৃদ্ধির পথে বড় চ্যালেঞ্জ। এরপরও বাংলাদেশের প্লাস্টিক পণ্যের বিশাল সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে ওয়ালমার্ট, টেস্কো, আইকেইএ'র মতো বিশ্বের বড় বড় রিটেইল চেইনসপ বাংলাদেশ থেকে প্লাস্টিক পণ্য নেয়ার আগ্রহ প্রকাশ করেছে। যা বাংলাদেশের জন্য সম্ভাবনার জায়গা। এজন্য স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ, দক্ষ জনশক্তি এবং কারিগরি উন্নয়ন সহায়তা দরকার।

দৈনিক সংগ্রাম
Date:01-07-2013 Page 12, Col 1-4 Size: 20 Col*Inc

## ইপিবি আয়োজিত সেমিনারে বক্তারা

# দক্ষ জনশক্তি আর কাঁচামালের অভাবে পিছিয়ে পড়ছে প্লাস্টিক শিল্প

**স্টাফ রিপোর্টার :** বিশ্ববাজারে অবারিত সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রফতানিকারক ও বিশেষজ্ঞরা।

গতকাল সোমবার রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সম্মেলন কক্ষে ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক এসোসিয়েশন (বিপিজিএমইএ) যৌথভাবে আয়োজিত 'প্লাস্টিক পণ্য সামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এই মন্তব্য করেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। সেমিনারে উপস্থিত ছিলেন, ইপিবি ভাইস- চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মোহাম্মদ জসিম উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)'র অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, ইপিবি মহাপরিচালক বেগম মাফরূহা সুলতানা প্রমুখ। ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম তার প্রবন্ধে উল্লেখ করেন, সমগ্র বিশ্বে পোশাক শিল্পের মতোই প্লাস্টিক পণ্যের সম্ভাবনা বেশি। ২০১৩ সালে সারা বিশ্বে প্লাস্টিক পণ্যের বাজার ছিল ৫৯০ বিলিয়ন মার্কিন ডলারে। যেটা প্রতি বছর ১৭ শতাংশ করে বাড়ছে। এখন বাংলাদেশে প্লাস্টিক রফতানি একটা বড় খাত হয়ে উঠেছে তা নয়। এ খাতটির বার্ষিক প্রবৃদ্ধি বাড়ছে প্রায় ৯৪ শতাংশ হারে। ২০০১ সালে বিশ্ব বাজারে প্লাস্টিক পণ্যে বাংলাদেশের অবদান ছিল দশমিক ০০৪ শতাংশ। ২০১৩ সালে এসে তা দশমিক ০১ শতাংশে দাঁড়িয়েছে। তিনি বলেন, বর্তমানে প্রায় ৭৫ শতাংশ প্লাস্টিক পণ্য অন্যান্য পণ্যের সহজাত পণ্য (ডীম পণ্য) হিসেবে রফতানি হচ্ছে। যেখানে সরাসরি রফতানি কম হচ্ছে। ২০১৩ সালে সামগ্রিক রফতানি ৩৪০ মিলিয়ন ডলার হলেও সরাসরি রফতানি হয়েছে ৮৫ মিলিয়ন ডলার। বিশ্ব বাজারে যে সুবিধা বাংলাদেশ পেয়ে আসছে তার সঠিক ব্যবহার করতে পারছেন না রফতানিকারকগণ। প্লাস্টিক পণ্যের মূল উপাদানের প্রায় ৮০ শতাংশ বিদেশ থেকে আমদানি করতে হয়। ২০১৩ সালে বিদেশ থেকে প্লাস্টিক শিল্প কাঁচামাল আমদানি করেছে ১ দশমিক ২ মিলিয়ন ডলারের। যা ২০০১ সালে এই আমদানির পরিমাণ ছিল ২৪০ মিলিয়ন ডলার। এই শিল্পের সঙ্গে জড়িত লিঙ্কেজ শিল্পের উন্নতি না হওয়ায় আমদানি নির্ভরতা কমছে না।

একই সঙ্গে ৬৬ শতাংশ ছোট কারখানা রয়েছে যারা বিদেশি বিনিয়োগের সঙ্গে জড়িত হতে পারছে না। যে সব কারখানার উৎপাদন ব্যয় বেশি।

এই শিল্পের এখনকার চ্যালেঞ্জ হিসেবে তিনি বলেন, দেশে ছোট বড় প্রায় ৫ হাজার কারখানা রয়েছে। যার ৬৫ শতাংশ ঢাকার মধ্যে ২০ শতাংশ চট্টগ্রাম, ১০ শতাংশ নারায়ণগঞ্জ ও বাকি ৫ শতাংশ অন্যান্য বিভাগে রয়েছে।

এখন পোশাক কেনা বিভিন্ন বিদেশি ব্র্যান্ড কিছু কিছু প্লাস্টিক পণ্যও কিনছেন। তারা যখন পুরোদমে প্লাস্টিক পণ্য কিনবেন তখন তাদের কাছে কমপ্লায়েন্স ইস্যু বড় হয়ে দাঁড়াবে। এর জন্য প্লাস্টিক পল্লী নির্মাণ ও প্লাস্টিক ইনস্টিটিউট তৈরির প্রয়োজন বলে মনে করেন তিনি।এর পাশাপাশি সরকারকেও দেশের সম্ভাবনাময় খাতকে নজর দেওয়ার প্রয়োজন রয়েছে। পোশাক শিল্পের মতো এই খাতকে বিশেষ প্রণোদনা দিলে প্লাস্টিক রফতানিও বাড়ানো যাবে। তাছাড়া টেস্টিং ল্যাবরেটরি ও দক্ষ মানব সম্পদ ও প্রযুক্তিগত উন্নয়নের প্রয়োজন বলেও মনে করেন তিনি। এসময় তারা এ শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতি সহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশী বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেন।

সমকাল
Date: 01-07-2014 Page [illegible] [illegible] Col* [illegible]

# প্লাস্টিক পণ্যের মান বাড়াতে হবে

■ সমকাল প্রতিবেদক

বড় সম্ভাবনা সত্ত্বেও বিশ্ববাজার ধরতে পারেনি প্লাস্টিক পণ্য। বরং রফতানি আয় কমছে। গত বছরের একই সময়ের তুলনায় সদ্য সমাপ্ত অর্থবছরের শেষ ১১ মাসে আয় কমেছে। এ সময়ের লক্ষ্যমাত্রা থেকে আয় কম হয়েছে ৫ শতাংশ। এ অবস্থার জন্য পণ্যের গুণগত মানে নজর কম দেওয়া, দক্ষ জনবলের অভাব, আন্তর্জাতিক বাজারের তথ্যের সংকট ও বিপণন কৌশলে দুর্বলতাসহ বেশ কিছু কারণকে চিহ্নিত করা হয়েছে। অন্যান্য খাতের মতো গ্যাস, বিদ্যুৎসহ অবকাঠামো দুর্বলতা এবং উচ্চ সুদের ব্যাংক ঋণ তো আছেই।

## সেমিনারে বক্তারা

রফতানিমুখী প্লাস্টিক শিল্পের সমস্যা ও সম্ভাবনা বিষয়ক এক সেমিনারে এ সব কথা বলেন বক্তারা। গতকাল সোমবার রাজধানীতে রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। ইপিবি এবং বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুত ও রফতানিকারক ব্যবসায়ীদের সংগঠন বিপিজিএমইএ যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। এতে ইপিবি ভাইস চেয়ারম্যান শুভাশিস বসু, মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা, বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিনসহ ব্যবসায়ীরা বক্তব্য দেন।

ইপিবির ভাইস চেয়ারম্যান প্লাস্টিক পণ্যের রফতানি কমার কারণ চিহ্নিত করার কথা বলেন। বিপিজিএমইএ সভাপতি বলেন, এ খাতে নতুন অনেক কারখানা হয়েছে। তবে প্রতিযোগিতায় টিকতে না পারার কারণে ছোট-মাঝারি অনেক কারখানা বন্ধ হয়ে গেছে। মূল প্রবন্ধে বলা হয়, প্লাস্টিক পণ্যের বিশ্ববাজার পোশাকের বাজারের চাইতেও বড়। বিশ্ববাজার এখন ৫৯০ বিলিয়ন ডলারের। এরমধ্যে বাংলাদেশের অংশ মাত্র শূন্য দশমিক শূন্য ১ শতাংশে।

সকালের খবর
Date:01-07-2014 Page: 06, Col 5-7 Size: 09 Col*Inc

# প্লাস্টিক শিল্প বিকাশে দক্ষ জনশক্তি তৈরির তাগিদ

নিজস্ব প্রতিবেদক ■

বিশ্ববাজারে অবারিত সুযোগ থাকা সত্ত্বেও অবকাঠামো খাতের সমস্যা, কাঁচামালের আমদানি নির্ভরতা, দক্ষ জনশক্তির অভাব, প্লাস্টিক পল্লী ও ইনস্টিটিউট না থাকার কারণে প্লাস্টিক শিল্পের প্রকৃত বিকাশ হচ্ছে না বলে মনে করেন রফতানিকারক ও বিশেষজ্ঞরা। গতকাল রাজধানীর রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) সম্মেলন কক্ষে 'প্লাস্টিক পণ্যসামগ্রী রফতানি সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনারে বক্তারা এই মন্তব্য করেন। এ সময় তারা এ শিল্পের বিকাশে খাতভিত্তিক নীতিসহায়তা, প্রযুক্তির উন্নতি, স্থানীয় ও বিদেশি বিনিয়োগ বাড়ানো এবং দক্ষ জনশক্তি তৈরির তাগিদ দেন। ইপিবি ও বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রফতানিকারক অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ) যৌথভাবে সেমিনারটির আয়োজন করে। সেমিনারে উপস্থিত ছিলেন ইপিবি ভাইস চেয়ারম্যান শুভাশীষ বসু, বিপিজিএমইএ সভাপতি মো. জসিম উদ্দিন, গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগের (সিপিডি) অতিরিক্ত পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, ইপিবি মহাপরিচালক বেগম মাফরুহা সুলতানা প্রমুখ। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম।